Bhaktikatha.com

# Maa Kali 108 Names in Bengali

কপালিনী কালী মাগো কৈবল্যদায়িনী । ১
জগদম্বা নামে তুমি বিমুক্তকারিণী ।। ২
দুঃখনাশ কর বলি হলে দুঃখহরা । ৩
জগতের মাতা তুমি হও মনোহরা ।। ৪
বিপদে রেখো মা কোলে ওগো হরজায়া । ৫
মায়া বিস্তারিয়া মাগো হলে মহামায়া ।। ৬
মৃগনেত্র সম বলি কুরঙ্গনয়নী । ৭
জগতে প্রমত্ত বলি চণ্ডী মা জননী ।। ৮
শঙ্করের জায়া তুমি হলে মা শঙ্করী । ৯
ভব জায়া বলি তুমি ভবানী ঈশ্বরী ।। ১০
ভীষণ আনন বলি করালবদনী । ১১
দীনহীনে কর দয়া দনুজদলনী ।। ১২
কৃত্তিবাস হলে মাগো বাঘছাল পরি । ১৩
কৃত্তিবাস দারা তাই তুমি মা শঙ্করী ।। ১৪
পাপ বিনাশিনী কালী নৃমুণ্ডমালিনী । ১৫
অধীনে কর মা দয়া তুমি কাত্যায়নী ।। ১৬
কুলকুণ্ডলিনী মাগো তুমি মহাসতী । ১৭
ষড়ৈশ্বর্যময়ী বলি নাম ভগবতী ।। ১৮
জগত-জননী মাগো কালী কপালিনী । ১৯
কটিতে মুণ্ডের পরি হলে মা কিঙ্কিণী ।। ২০
দনুজ দলন করি দনুজদলনী । ২১
দুর্গতিনাশিনী তুমি দেবী নারায়ণী ।। ২২
দুর্গাসুরবধ করি দুর্গা নামে খ্যাতা । ২৩
ত্রিলোচনী তুমি মাগো জগতের মাতা ।। ২৪
মুক্তিদান করি তুমি তারা নাম ধর । ২৫
তারিণী নামেতে তুমি জগৎ রক্ষা কর ।। ২৬
পূর্ণব্রহ্মময়ী তুমি ব্রহ্মসনাতনী । ২৭
পরমা প্রকৃতি তুমি সৃজনকারিণী ।। ২৮
বেদের সৃজন করি হলে বেদমাতা । ২৯
যোগমায়া নামে তুমি ত্রিলোকপালিতা ।। ৩০
রুদ্রের ঘরণী বলি হলে রুদ্রজায়া । ৩১
অম্বিকা নামেতে তুমি হলে মহামায়া ।। ৩২
অপর্ণা তুমি মা কালী ত্রিলোকতারিণী । ৩৩
অন্নপূর্ণা তুমি মাতা ত্রিলোকপালিনী ।। ৩৪
শঙ্কর কপালে ধরে হলে মহাকালী । ৩৫
কালীপ্রিয়া মা তুমি কপালকারিকা ।। ৩৬
দীনহীনে কর গো দয়া তুমি মা কালিকা । ৩৭

থাকে না কালের ভয় তোমার শরণে ।
কালভয়-বিনাশিনী তাই লোকে ভণে ।। ৩৮
মেঘের বরণ তাই হলে কাদম্বিনী ।
কপালকুণ্ডলা কৃষ্ণকুসুমধারিণী ।। ৩৯
জগতের আদি বলি নাম আদ্যাশক্তি ।
অভয় চরণে যেন থাকে সদা ভক্তি ।। ৪০
মহাবিদ্যা মহামায়া তুমি করালিনী ।। ৪২
প্রজাপতি মাতা তুমি কালী করালিনী ।।
নিজ কাছে কোষ বলি হলে মা কৌশিকী ।
তোমার মায়ায় মুগ্ধ জগতের ভৌতিকী ।। ৪৩
ময়ূরবাহনে সাজ তুমি মা কৌমারী । ৪৪
কালিকে কুটিলা দুর্গে তুমি মা কাবেরী ।। ৪৫
অলক্ষ্মী নাশ কর তুমি জলপ্রিয়া ।
তোমার অনন্ত লীলা মানব অজ্ঞেয়া ।। ৪৬
মায়া বিস্তারিয়া মাগো হলে মহামায়া ।
বিপদে রেখো মা কোলে ওগো হরজায়া ।।৪৭
তপোময়ী তুমি মাতো দানবদলনী ।
ত্রিলোচন প্রাণকর্ত্রী ত্রিলোকপালিনী ।। ৪৮
তত্ত্বস্বরূপিণী তুমি সর্বসিদ্ধি দাত্রী ।
জগৎ-পালন হেতু তুমি জগদ্ধাত্রী ।। ৪৯
দানিয়া সারূপ্যমুক্তি হলে নারায়ণী ।
ত্রিবলী ধারিণী দুর্গে রক্ত নিতম্বিনী ।। ৫০
ত্রিপুর দলনী দেবী লজ্জাস্বরূপিণী । ৫১
মহিষ অসুর বধি মহিষমর্দিনী ।। ৫২
রূপ যাতঃ ত্রিনয়নী ত্রিগুণ স্বরূপা ।
লম্বোদর — জননী মাতা অপিণী অনুপা ।। ৫৩
ত্রিলোক পালিনী তুমি সর্বপাপ হর ।
ত্রিশূলধারিণী কালী অর্ধেন্দুশেখরা ।। ৫৪
সদাই ষোড়শী তাই হইলে ষোড়শী । ৫৫
অন্নপূর্ণা নামে তুমি থাকো বারাণসী ।। ৫৬
বরদে বরদা সর্বমঙ্গলা শিবানী ।
সর্বেশ্বরী সর্বধাত্রী ত্রিগুণ ধারিণী ।। ৫৭
শঙ্করের প্রিয়া তাই নাম ভবদারা । ৫৮
কামাখ্যা কমলা তুমি ভবদুঃখহরা ।। ৫৯
শান্তিবিধায়িনী তুমি মহা রুদ্রপ্রিয়া ।
বধি শুম্ভ-নিশুম্ভাদি হইলে অজেয়া ।। ৬০
কামদাত্রী নামে তুমি কামনা পুরাও । ৬১
মহেশ্বরী নামে তুমি ভবরক্ষে রও ।। ৬২
জল কালেশ্বরী মাগো রাজ-রাজেশ্বরী ।
ত্রিপুর-নাশিনী তুমি ত্রিপুরসুন্দরী ।। ৬৩
করুণাক্ষী হলে তুমি বিতরি করুণা ।
দীনহীনে কর দয়া অনন্ত-নয়না ।। ৬৪
ঈশান মহিষী তুমি হইতে ঈশানী । ৬৫
চণ্ডমুণ্ড বধ করি চামুণ্ডারূপিণী ।। ৬৬
ত্রিলোকের অধিষ্ঠাত্রী ত্রিলোক-ঈশ্বরী ।
প্রাণকর্ত্রী ত্রিনয়না ত্রিপুরাসুন্দরী ।। ৬৭
তুমি ক্ষমা তুমি তৃষ্ণা বুদ্ধি রূপিণী । ৬৮
সত্ত্ব রজঃ তমঃ ইতি ত্রিগুণধারিণী ।। ৬৯
সাবিত্রী তুমি মা তারা মুক্তকবাসিনী ।
শোক দুঃখ বিনাশিনী তুমি মা সর্বাণী ।। ৭০
অশিবনাশিনী কালী দুর্গতিনাশিনী ।
ভগবতী সুকেশী অসুরঘাতিনী ।। ৭১
সহস্রাক্ষী সরস্বতী শঙ্করী-ঈশ্বরী । ৭২
বিদ্যাদাত্রী সুখপ্রদা তুমি শাকম্ভরী ।। ৭৩
শবোপরি উপবিষ্টা শ্মশান বাসিনী ।
ভূতপ্রেত সঙ্গিনী মা শ্মশান বাসিনী ।। ৭৪
ধর্ম-অর্থ-কাম মোক্ষফল-বিধায়িনী ।
তুমি মা কালীকে দুর্গে শ্রীকৃষ্ণ-জননী ।। ৭৫
অসুরদলে বধে দেবী রণ উন্মাদিনী ।
সহস্রলোচনী তারা দেবেন্দ্র জননী ।। ৭৬
কর মা করুণা দীনে দনুজদলনী ।
সুকেশী সুমুখী শিবা তুমি ত্রিলোচনী ।। ৭৭
কলুষনাশিনী তুমি তারা মুক্তিদায়িনী ।
সুলোচনী তুমি তারা মোচনকারিণী ।। ৭৮
ধনদাত্রী ধনদা ধর্মবিধায়িনী । ৭৯
বগলা তুমি মা তারা সুবুদ্ধিদায়িনী ।। ৮০
মাতঙ্গী তুমি মা তারা ত্রিলোকপালিনী । ৮১
বিশ্বময়ী মহেশ্বরী মলয়বাসিনী ।। ৮২
জীবোদ্ধার বলি মাগো হলে মোক্ষদাত্রী ।
দীনহীনে কর কৃপা তুমি মহেশ্বরী ।। ৮৩
মধু আর কৈটভেরে করিয়া সংহার ।
মধুকৈটভনাশিনী নাম যে তোমার ।। ৮৪
লক্ষ্মীস্বরূপিণী তুমি তুমি মা কমলা ।
রক্তবস্ত্রা কপালিনী তুমি মা চঞ্চলা ।। ৮৫
বয়সে কিশোর সদা তাই মা কিশোরী ।
পীতাম্বরা পদ্মাম্বরা কুমারী শঙ্করী ।। ৮৬
গিরিরাজসুতা সতী কৈলাসবাসিনী । ৮৭
কল্যাণদায়িনী সদা তাই মা কল্যাণী ।। ৮৮
গণেশ-জননী তুমি গিরিশ-নন্দিনী । ৮৯
মহামনোহরা রমা নিত্যানন্দ মোহিনী ।। ৯০
শারদা শরৎপ্রিয়া শিব সনাতনী । ৯১
বসুন্ধরা জগন্মাতা বরদা বারুণী ।। ৯২

বিশ্বমাতা বিশ্বময়ী তুমি এলোকেশী । ৯৩
বহু রূপ ধর বলি মা তুমি বহুরূপিণী ।
ত্রিভুবন পূজিনী সাজ তাই মা ত্রিভুবনী । ৯৬
সৃষ্টিসংহারিণী কালী তুমি ভুবনেশ্বরী ।
শিরো মুণ্ড করি ছিন্ন হলে ছিন্নমস্তা ।
ভুবন ভরিয়ে তুমি হলে ভুবনবতী ।
শ্রীকমলা তোমার নাম ধরিত্রীকমলপ্রিয়া । ১০১
ধূমের বরণে তুমি হও ধূমাবতী ।
ধূম্রাক্ষনাশিনী তুমি হরের মোহিনী ।
ধারণী ধরিত্রী দেবী তুমি কাত্যায়নী । ১০৫
গণেশ জননী তুমি গিরিশ নন্দিনী । ১০৭

অকিঞ্চনে কর দয়া রূপে ব্যোমকেশী ।। ৯৪
রণেতে দুর্জয় নাশো দৈত্য বিনাশিনী ।। ৯৫
ত্রিনয়নী মুক্তকেশী ভারতী কৌশিকী ।। ৯৭
প্রলয়ে কর মা সৃষ্টি তুমি মহেশ্বরী ।। ৯৮
কাতরে অভয়দানে হও বরপ্রদাতা ।। ৯৯
গিরিরাজ সুতা তুমি দেবী হৈমবতী ।। ১০০
শ্রীনিকেতনী নামেতে হলে বিষ্ণুপ্রিয়া ।। ১০২
মহাবিদ্যা রূপেতে তুমি সরস্বতী ।। ১০৩
দীনহীনে কর দয়া তুমি নারায়ণী ।। ১০৪
হরমনোহরা রমা ধূর্জটিমোহিনী ।। ১০৬
হর মনোহরা রমা গিরীশ মোহিনী ।। ১০৮

।। ইতি সমাপ্ত মা কালীর অষ্টোত্তর শতনাম ।।

---- Bhaktikatha.com——